গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

## বিজ্ঞপ্তি

বিষয়ঃ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থবছরে বিশেষ গবেষণা অনুদানের জন্য গবেষণা প্রকল্প-প্রস্তাব আহবান।

সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় ও কলেজ/প্রতিষ্ঠিত গবেষণা সংস্থা/বিজ্ঞান ক্লাব/বিজ্ঞান সমিতি/বৈজ্ঞানিক সংস্থা ও বিভিন্ন ক্ষেত্রে গবেষণা কাজে নিয়োজিত বিজ্ঞানী, প্রযুক্তিবিদ, তরুণ বিজ্ঞানীগণের নিকট থেকে "**Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012)**"-এ বর্ণিত নির্ধারিত ছকে ২০২১-২০২২ অর্থবছরের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক নিম্নলিখিত ক্যাটাগরীতে বিশেষ গবেষণা অনুদানের জন্য গবেষণা প্রস্তাব আহবান করা যাচ্ছেঃ (i) জীব বিজ্ঞান (ii) পরিবেশ বিজ্ঞান (iii) মেডিক্যাল সায়েন্স (iv) ইঞ্জিনিয়ারিং এন্ড এপ্লাইড সায়েন্স (v) ফিজিক্যাল সায়েন্স ও (vi) ইন্টার ডিসিপ্লিনারী গ্রুপ। (উল্লেখ্য ICT সংক্রান্ত গবেষণা ICT বিভাগে হয়ে থাকে বিধায় এ মন্ত্রণালয় থেকে ICT সংক্রান্ত গবেষণা প্রস্তাব মূল্যায়ন করা হয় না)

২। প্রকল্প প্রস্তাব দাখিলের সময় নিম্নবর্ণিত শর্তাদি পূরণ করতে হবে:

- ক. আবেদনকারীকে গবেষণা অনুদানের অর্থ ব্যয় ও প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে গাইডলাইনে উল্লিখিত সকল শর্ত ও নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে;
- খ. পরবর্তীতে গাইডলাইনে বর্ণিত শর্তের কোন পরিবর্তন হলে সেটিও আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে;
- গ. একজন শিক্ষক/গবেষক/বিজ্ঞানী একের অধিক প্রকল্পে প্রকল্প পরিচালক/সহযোগী প্রকল্প পরিচালক হিসেবে আবেদন করতে পারবেন না, যদি করেন তাহলে তাঁর আবেদন বাতিল বলে গন্য হবে:
- ঘ. নীতিমালা অনুযায়ী যোগ্যতা ও চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে; (প্রধান গবেষকের দশ বছর **Postgraduate experience** ও কমপক্ষে ৫টি ভালো জার্নালে পাবলিকেশন্স থাকতে হবে)
- ঙ. ইতোপূর্বে গবেষণা প্রকল্পে অনুদান পেয়ে থাকলে তার চূড়ান্ত প্রতিবেদন ও বিল/ভাউচার পেন্ডিং থাকলে তাঁর আবেদন বিবেচনা করা হবে না;
- চ. যেসকল গবেষণা প্রকল্প কোন জার্নালে প্রকাশিত হয়েছে বা অন্য কোন উৎস থেকে প্রাপ্ত অর্থায়নের ভিত্তিতে গবেষণা প্রকল্প হিসেবে কাজ করা হয়েছে বা করা হচ্ছে তা প্রস্তাব আকারে পুনরায় জমা দেয়া যাবে না।
- ছ. সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় ও কলেজ/সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাব/বিজ্ঞান সমিতি/বৈজ্ঞানিক সংস্থার ক্ষেত্রে আবশ্যিকভাবে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প প্রস্তাব দাখিল করতে হবে;
- জ. প্রকল্প পরিচালক (PI) ও সহযোগী প্রকল্প পরিচালক (CO-PI) একই প্রতিষ্ঠানের হতে হবে এবং কোন অবস্থাতেই সহযোগী প্রকল্প পরিচালক ছাড়া আবেদন প্রস্তাব গ্রহণযোগ্য হবে না।

৩। প্রকল্প প্রস্তাব দাখিলের সময় নিম্নবর্ণিত তথ্যাদি ও ডকুমেন্ট প্রদান করতে হবেঃ

- ক. প্রকল্প প্রস্তাবের সাথে প্রকল্প পরিচালক ও সহযোগী প্রকল্প পরিচালক এর সাম্প্রতিক সময়ে তোলা ৪ (চার) কপি ছবি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);
- খ. আবেদনপত্রে প্রতিষ্ঠান প্রধান, প্রকল্প পরিচালক এবং সহযোগী প্রকল্প পরিচালক-এর স্বাক্ষর ও নামাঙ্কিত সীলমোহর এবং মোবাইল নম্বর অবশ্যই থাকতে হবে (বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে ভিসি/রেজিস্ট্রারের স্বাক্ষর ও নামাঙ্কিত সীলমোহর হলেই চলবে);
- গ. গাইডলাইন ও আবেদন ফরম সংগ্রহের চালানের মূলকপি আবেদনের সঙ্গে সংযুক্তি হিসেবে প্রদান করতে হবে;
- ঘ. সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক (PI) ও সহযোগী প্রকল্প পরিচালক (CO-PI) এর জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত ফটোকপি প্রদান করতে হবে।
- ঙ. প্রকল্প প্রস্তাবের কপিসমূহে ১০০০/- (এক হাজার) টাকার চালান সংযুক্তিসহ স্পাইরাল বায়েন্ডিং করে জমা প্রদান করতে হবে এবং ছবিসমূহ প্রকল্প প্রস্তাবের প্রত্যেক কপিতে খাম দিয়ে সংযুক্তি করতে হবে।

৪। নিম্নলিখিত গবেষক/বিজ্ঞানীগণকে অগ্রাধিকার দেয়া হবেঃ

- ক. যেসকল গবেষক রিনিউএবল এনার্জী, ফুড সিকিউরিটি, ক্লাইমেট চেঞ্জ, ও এনভায়রনমেন্টাল সায়েন্স সংশ্লিষ্ট গবেষণা প্রকল্পসহ দেশের বর্তমান চাহিদার সঙ্গে সংগতিপূর্ণ গবেষণা প্রকল্প দাখিল করবেন;
- খ. যেসকল গবেষক বিজ্ঞান ও প্রযুক্তি সংক্রান্ত প্রকল্প অনুদান এবং বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান/গবেষণা প্রতিষ্ঠান/শিক্ষা প্রতিষ্ঠানের অর্থ নিয়ে যৌথভাবে গবেষণা কর্ম পরিচালনা করছেন বা করবেন;
- গ. ইতোপূর্বে যে সকল বিজ্ঞানী/গবেষকগণ এ অনুদান গ্রহণ করে গবেষণার ফলাফলের বিষয়ে প্রতিবেদন/রিপোর্ট/পেপার জাতীয় এবং আন্তর্জাতিক পত্রিকায় প্রকাশ করেছেন এবং পেটেন্ট প্রাপ্ত হয়েছেন;
- ঘ. উদ্ভাবিত যন্ত্রপাতি/দ্রব্যের বাজারে প্রতিযোগিতামূলক যোগ্যতা রয়েছে এমন গবেষককে;
- ঙ. যারা ইতোপূর্বে অনুদান গ্রহণ করে ফলপ্রসু ও উৎসাহব্যাঞ্জক কর্ম সম্পাদন করেছেন তাঁদের গবেষণা কর্মের ধারাবাহিকতা বজায় রাখার জন্য পুনরায় প্রকল্প দাখিল করেছেন। তবে যে সকল গবেষক বিগত ৫ (পাঁচ) বছরে এক বা একাধিকবার গবেষণা অনুদান পেয়েছেন তাঁদের গবেষণার অগ্রগতির স্বপক্ষে উপযুক্ত প্রমাণাদি প্রকল্প প্রস্তাবের সঙ্গে সংযুক্ত করবেন;
- চ. বিজ্ঞান ও প্রযুক্তি সংক্রান্ত গবেষণা কার্যক্রম যা দেশের আর্থ সামাজিক উন্নয়ন/দারিদ্র নিমোচন/নারী উন্নয়নে সহায়ক ফলাফল ধর্মী (result oriented) গবেষণা।

৫। প্রকল্প প্রস্তাব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান যেমনঃ বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে ভিসি/রেজিস্ট্রার, কলেজ, অন্যান্য সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক বা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা/যাচাই-বাছাইপূর্বক প্রেরণ করতে হবে।

৬। মন্ত্রণালয়ের Website:www.most.gov.bd থেকে আবেদনপত্র ও গাইডলাইন সংগ্রহ করতে হবে। এছাড়া প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয়ে জমা দেয়ার সময় সোনালী ব্যাংকের যে কোন শাখায় ১,০০০/- (এক হাজার) টাকা চালানের মাধ্যমে (চালান কোড নং ১-৩৭০১-০০০১-২৬৮১) জমা প্রদান করে চালানের মূলকপি প্রকল্প প্রস্তাবের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে। এ বিজ্ঞাপন প্রকাশের দিন থেকে আগামী ১৫ জুলাই ২০২১ তারিখ বৃহস্পতিবার বিকাল ৫.০০ টার মধ্যে প্রকল্প প্রস্তাবের ৫ (পাঁচ) কপি (প্রস্তাবিত প্রকল্প Times New Roman ফন্টে পেনড্রাইভ/সিডি-তে সফট কপিসহ) মন্ত্রণালয়ের অধিশাখা-৯, কক্ষ নং- ৯১৭, ভবন নং- ০৬ বাংলাদেশ সচিবালয়, ঢাকায় অবশ্যই পৌছাতে হবে। বিশেষ গবেষণা অনুদান সংক্রান্ত সকল তথ্য ও নোটিশ সম্পর্কে মন্ত্রণালয়ের ওয়েবসাইট www. most.gov.bd থেকে জানা যাবে। আবেদনকারী গবেষকগণকে নিয়মিত মন্ত্রণালয়ের ওয়েবসাইট দেখার অনুরোধ জানানো হলো।

৭। <u>নির্ধারিত তারিখের পর প্রাপ্ত গবেষণা প্রস্তাব বা অসম্পূর্ন গবেষণা প্রস্তাব বিবেচনার জন্য গণ্য হবে না।</u>

৮। <u>যোগ্যতা, দক্ষতা ও প্রকল্পের মান বিবেচনা করে সততা, স্বচ্ছতা ও নিরপেক্ষতার মাধ্যমে অনুদান প্রদান করা হবে। যে কোন রকম তদবীর/ ব্যক্তিগত যোগাযোগ অযোগ্যতা হিসেবে গণ্য হবে।</u>

৯। <u>গবেষণা প্রস্তাব গ্রহণ বা বাতিলের সকল ক্ষমতা বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সংরক্ষণ করে।</u>

(ড. মোঃ গোলাম মোস্তফা)
উপসচিব
কক্ষ নং-৯১৭, ১০ম তলা, ভবন নং-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ফোনঃ ৯৫৭৬৫৩৯
ই-মেল: section9@most.gov.bd

## <u>অতি জরুরি</u>

I:\Section-3\Advertisement\Advertisement.doc

স্মারক নং-রেজি/প্রশা-৩/ ৫০৭৫৮-৫৮

তারিখঃ ২০/৩/ ১৪২৮ বঙ্গাব্দ
২৪/৫/ ২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১. ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
২. চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়

আগ্রহী প্রার্থীদের আবেদনপত্র স্ব স্ব বিভাগীয় প্রধানের মাধ্যমে অবশ্যই <u>আগামী ০৮-০৭-২০২১ তারিখের</u> মধ্যে সিডিতে সফট কপি সহ প্রকল্প প্রস্তাব ০৬ (ছয়) কপি অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৩)
ঢাকা বিশ্ববিদ্যালয়
ফোন ঃ ৯৬৬১৯০০-৫৯/৪০২১